গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়
যশোর সদর, যশোর
www.fisheries.sadar.jessore.gov.bd

স্মারক নং: ৩৩.০২.৪১৪৭.৫০১.৩৯.০৩১.২২.৫৫১

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০ / ২৯ নভেম্বর ২০২৩

## লিফ মনোনয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর বাস্তবায়নাধীন "ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)" শীর্ষক প্রকল্পের আওতায় যশোর জেলাধীন যশোর সদর ও বাঘারপাড়া উপজেলাধীন "চিত্রা-ভৈরব-আফ্রা" সাব-প্রজেক্ট (যশোর অংশ) এলাকার কার্যক্রম বাস্তবায়নের জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য "স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extension Agent for Fisheries)(LEAF) মনোনয়ন সংক্রান্ত নির্দেশনা" এর আলোকে শর্ত সাপেক্ষে ০১ (এক) জন স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (LEAF) মনোনয়ন প্রদান করা হবে। ৪(চার) বছর মেয়াদী মৎস্য ডিপ্লোমা পাস আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৭ ডিসেম্বর,২০২৩ খ্রি. তারিখের মধ্যে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, যশোর সদর, যশোর বরাবর লিখিত ভাবে আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

29.11.2023

(রিপন কুমার ঘোষ)
পরিচিতি নম্বর-০০৫৩৯
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
যশোর সদর, যশোর
মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৪৮৮
ই-মেইল: sufojessoresadar@fisheries.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা
২। জেলা মৎস্য অফিসার, যশোর
৩। প্রকল্প পরিচালক, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্প (মৎস্য অধিদপ্তর অংশ), মৎস্য অধিদপ্তর, ঢাকা
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, যশোর সদর, যশোর
৫। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর
৬। উপজেলা মৎস্য অফিসার, বাঘারপাড়া, যশোর (বাঘারপাড়া উপজেলায় বহুল প্রচারের অনুরোধ সহ)
৭। উপ-বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, যশোর
৮। উপজেলা কৃষি অফিসার, যশোর সদর, যশোর
৯। উপজেলা সমাজসেবা অফিসার, যশোর সদর, যশোর
১০। উপজেলা যুব উন্নয়ন অফিসার, যশোর সদর, যশোর
১১। উপজেলা মহিলা বিষয়ক অফিসার, যশোর সদর, যশোর
১২। চেয়ারম্যান, বসুন্দিয়া ইউনিয়ন পরিষদ, বসুন্দিয়া, যশোর সদর, যশোর
১৩। নোটিশ বোর্ড/অফিস কপি

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)" শীর্ষক প্রকল্পের আওতায় "স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extension Agent for Fisheries) (LEAF) মনোনয়ন সংক্রান্ত নির্দেশনা"

মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট (মৎস্য অধিদপ্তর অংশ)" শীর্ষক প্রকল্পের আওতায় "স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (LEAF) মনোনয়নের প্রক্রিয়া ও শর্তাবলী:

**ক) পদের নাম:** স্থানীয় মৎস্য সম্প্রসারণ কর্মী (Local Extension Agent for Fisheries) (LEAF)

**খ) পদের সংখ্যা:** ০১ (এক) জন।

**গ) মনোনয়নের ধরণ:** সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্প চলাকালীন সময়ের জন্য।

**ঘ) ভাতা (Remuneration)**

প্রকল্প নির্ধারিত বাজেট অনুযায়ী, মাঠপর্যায়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য কোন প্রকার যাতায়াত ভাতা/টিএ/ডিএ প্রদান করা হবে না। সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার,যশোর সদর, যশোর কর্তৃক প্রত্যয়ণ সাপেক্ষে প্রতি মাসের ভাতা প্রদান করা হবে।

**ঙ) LEAF হিসাবে আবেদনের যোগ্যতা:**

১. আবদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২.প্রার্থীকে শিক্ষাগত যোগ্যতা হিসাবে ৪(চার) বছর মেয়াদী মৎস্য ডিপ্লোমা পাস হতে হবে।

৩.সংশ্লিস্ট সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকার স্থায়ী বাসিন্দা এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত কোন প্রকল্পে সমজাতীয় কাজের অভিজ্ঞতা প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।

৪. বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

৫. মৎস্য চাষ ও সংশ্লিস্ট কাজে আগ্রহী হতে হবে।

৬.প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ্য হতে হবে।

৭. প্রার্থীকে দায়িত্বশীল, বুদ্ধিমান, আত্মবিশ্বাসী ও পরিশ্রমী হতে হবে।

৮. বাইসাইকেল চালানোয় পারদর্শী হতে হবে।

৯. কোন সরকারী বা বেসরকারি সংস্থায় চাকরিরত কোন কর্মচারী/প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে।

**চ) LEAF এর দায়িত্ব ও কর্তব্য:**

১.মাঠ পর্যায়ে সংশ্লিস্ট প্রকল্পের সম্প্রসারণ কর্মীর দায়িত্ব পালন করা।

২.সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয় এবং স্টেকহোল্ডারদের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনে সহায়তা করা।

৩.দায়িত্বপ্রাপ্ত এলাকার মৎস্য সম্পদ জরিপ ও তথ্য সংগ্রহ করা।

৪. বিভিন্ন কার্যক্রম সফলভাবে বাস্তবায়নে সুফলভোগী নির্বাচন সহ প্রশিক্ষণ/ সভা/ ওয়ার্কশপ/ মাঠদিবস/ অভিজ্ঞতা বিনিময় সফর ইত্যাদি বাস্তবায়নে সহায়তা করা।

৫.বিভিন্ন প্রযুক্তির প্রদর্শনী বাস্তবায়ন,অভয়াশ্রম স্থাপন,বিল নার্সারী স্থাপন,পোনা অবমুক্তি প্রভৃতি কার্যক্রম বাস্তবায়নে পুকুর/-জলাশয় ও সুফলভোগী নির্বাচন এবং কার্যক্রমভিত্তিক দল গঠনে সহায়তা প্রদান।

৬.বিকল্প কর্মসংস্থানে উপকরণ সহায়তা প্রদানের জন্য সুফলভোগী নির্বাচনে সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে সহায়তা করা।

৭. মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন-১৯৫০ বাস্তবায়নে সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসারকে সহায়তা করা।

৮. প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নে সকল তথ্য রেকর্ড বইয়ে লিপিবদ্ধ করতে সুফলভোগীকে সহায়তা করা।

৯.বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের নিমিত্তে নিয়মিত মাঠ পরিদর্শন,তথ্য সংগ্রহ, পানি ও মাটি পরীক্ষা করা এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

১০.সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়ের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা এবং সংশ্লিস্ট অফিসের নির্দেশক্রমে দায়িত্ব পালন করতে হবে।

১১. সংশ্লিস্ট সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কর্তৃক সময় সময় অর্পিত অন্যান্য দায়িত্ব পালন করা।

**ছ) আবেদন প্রক্রিয়া,আবেদনপত্রের সাথে চাহিত প্রমাণাদি ও প্রার্থী বাছাই পদ্ধতি:**

১.আবেদনকারীর পুরো নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল/ফোন নম্বর, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, ধর্ম, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি তথ্যাদি সহ নির্দিষ্ট সময়ের মধ্যে সিনিয়র উপজেলা মৎস্য অফিসার বরাবর লিখিত আবেদন করতে হবে।

২.অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, স্বাক্ষরবিহীন এবং বিলম্বে প্রেরীত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৩. প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি রঙিন ছবি এবং নিম্নলিখিত সনদের ফটোকপি(গেজেটেড অফিসার/পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ক). শিক্ষাগত যোগ্যতার সকল সনদ

খ). প্রার্থীর জাতীয় পরিচয়পত্র

গ). স্থানীয় পৌরসভার মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র

ঘ). অভিজ্ঞতার সনদ(যদি থাকে)

৪.কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে লিখিত/মৌখিক পরীক্ষায় উপস্থিত থাকতে হবে।

৫.লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে কি না তা আবেদনকৃত প্রার্থীদের সংখ্যার ওপর ভিত্তি করে উপজেলা স্কীম ম্যানেজমেন্ট কমিটি (USMC) নির্ধারণ করবে। লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হলে, ৭০ (সত্তর) নম্বরের এবং মৌখিক পরীক্ষা ৩০(ত্রিশ) নম্বরের মোট ১০০ নম্বরের হবে। লিখিত পরীক্ষার প্রশ্নপত্র এমসিকিউ/বর্ণনামূলক ধরনের হবে। লিখিত পরীক্ষায় বাংলায় ১৫(পনের) নম্বর, গনিতে ১৫ (পনের) নম্বর এবং মৎস্য বিজ্ঞান বিষয়ে ২৫ (পচিশ) নম্বর মোট ৭০(সত্তর) নম্বরের প্রশ্ন থাকবে।

৬.প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় যাবতীয় শিক্ষাগত যোগ্যতার সনদ/ জাতীয়পরিচয়পত্র/ নাগরিকত্ব সনদ/ অভিজ্ঞতা সনদ(যদি থাকে) এর মূল কপি প্রদর্শন করতে হবে।

**জ) মনোনয়ন বাতিলকরণ ও LEAF-কে অব্যাহতি প্রদান:**

১.যদি LEAF এর কার্যকলাপ/ আচারণ সন্তোষজনক না হয়, তাহলে উপযুক্ত কারণ দর্শানো সাপেক্ষে উপজেলা স্কীম ম্যানেজমেন্ট কমিটি (USMC), LEAF-কে অব্যাহতি প্রদান করতে পারবেন।

২.মিথ্যা তথ্য সরবরাহ করলে বা তথ্য গোপন করলে বা মিথ্যা সনদপত্র জমা দিলে প্রার্থীতা বাতিল বলে গন্য হবে এবং মনোনীত হলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

৩. প্রকল্পের মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে এই মনোনয়ন বাতিল বলে গণ্য হবে।

**ঝ) অধিকার সংরক্ষণ:**

১. কর্তৃপক্ষ উপযুক্ত কারণে যে কোন সময় মনোনয়ন প্রক্রিয়া বাতিল বা স্থগিত করতে পারবেন।

২. উপরে বর্ণিত যে কোন বিষয়ে কতৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩. প্রকল্প পরিচালক যে কোন সময় LEAF- দেরকে এক সাব-প্রজেক্ট/পোল্ডার এলাকা থেকে অন্য যে কোন সাব- প্রজেক্ট/ পোল্ডার এলাকায় স্থানান্তর বা কর্ম পুনঃবন্টন করতে পারবেন।

২৯.১১.২০২৫

(রিপন কুমার ঘোষ)
পরিচিতি নম্বর-০০৫৩৯
সিনিয়র উপজেলা মৎস্য অফিসার
যশোর সদর, যশোর
মোবাইলঃ ০১৭৬৯৪৫৯৪৮৮
ই-মেইল: sufojessoresadar@fisheries.gov.bd